

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১১/০৪/২০১৮ খ্রি: তারিখের ৮০.০০.০০০০.১০৮.১১.০৩১.১৭-৮১ সংখ্যক স্মারকের সুপারিশের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীকে পরিকল্পনা বিভাগের “গবেষণা কর্মকর্তা” পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ২২০০০-৫৩০৬০/- টাকা বেতনক্রমে (৯ম গ্রেড) অনুচ্ছেদ-০২ এ বর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্র: নং	প্রার্থীর নাম ও রেজিস্ট্রেশন নং	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
(১)	জনাব রাজু আহমাদ রেজিঃ নম্বর-০২৯৫৩৮	পিতাঃ আমজাদ হসাইন মাতাঃ রেবেকা খাতুন  <b>স্থায়ী ঠিকানাঃ</b> গ্রামঃ বরভাগ ডাকঘর: বহরামপুর উপজেলা: বাঘার পাড়া জেলা: যশোর।	কক্ষ নং -২০৬ জহুরুল হক হল ঢাকা বিশ্ববিদ্যালয় ঢাকা-১০০০।


২। **নিয়োগের শর্তাবলী:**

- (ক) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। এ নিয়োগ তীর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে এবং ০২(দুই) বৎসর শিক্ষানবিসকাল হিসেবে গণ্য করা হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনবোধে উক্ত শিক্ষানবিসকালের মেয়াদ বৃদ্ধি করতে পারবে। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সমাপন এবং উক্ত সময়ে তার আচরণ ও কর্ম সন্তোষজনক প্রতীয়মান হলে তাকে চাকরিতে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে। শিক্ষানবিসকালে তীর আচরণ ও কাজের মান সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;
- (খ) বিদেশী নাগরিকের সাথে বিবাহসূত্রে কোন সম্পর্ক বা দায়বদ্ধতা থাকলে এই নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে;
- (গ) চাকরিতে যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র সঙ্গে আনতে হবে। মূল সনদপত্র প্রদর্শনে ব্যর্থ হলে তীর নিয়োগাদেশ বাতিল করা হবে;
- (ঘ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তীর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- (ঙ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোনরূপ ভ্রমণ/দৈনিক ভাতা পাবেন না;

৩। যদি অনুচ্ছেদ-০২ এ বর্ণিত শর্তাবলী গ্রহণযোগ্য হয়, তাহলে আগামী ৩১ ডিসেম্বর, ২০১৯ খ্রি: তারিখের মধ্যে সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা বরাবর যোগদান করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে বিবেচনা করা হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। এ নিয়োগ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(মোহাঃ জেসমুন নাহার)  
উপসচিব  
ফোন: ৯১১৮০৫৪


অপর পৃষ্ঠায় দৃষ্টব্য...

নং- ২০.০০.০০০০.৩০৩.৩২.৪৪৪.১৯-১২৫২/১(১৮)

তারিখঃ ১৭ অগ্রহায়ণ, ১৪২৬  
০২ ডিসেম্বর, ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৪) যুগ্মসচিব (সমন্বয়), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৫) উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬) জেলা প্রশাসক, যশোর (নিয়োগ আদেশটি প্রাপকের অনুকূলে প্রেরণের অনুরোধসহ)।
- ৭) উপসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৮) মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০) সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১) উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা: বাঘার পাড়া, জেলা: যশোর (নিয়োগ আদেশটি প্রাপকের অনুকূলে প্রেরণের অনুরোধসহ)।
- ১২) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, হিসাব ভবন (ফেজ-৩), সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩) হিসাবরক্ষণ কর্মকর্তা/বাজেট অফিসার/লাইব্রেরী অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ১৪) জনাব রাজু আহমাদ পিতাঃ আমজাদ হসাইন, মাতাঃ রেবেকা খাতুন, বর্তমান ঠিকানাঃ কক্ষ নং -২০৬, জহুরুল হক হল, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০। স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ বরভাগ, ডাকঘর: বহরামপুর, উপজেলা: বাঘার পাড়া, জেলা: যশোর।
- ১৫) অফিস কপি/ব্যক্তিগত নথি।

  
(মোছাঃ জেসমুন নাহার)  
উপসচিব